

প্রেস বিজ্ঞপ্তি

২৫ সেপ্টেম্বর, ২০২৪

বাজুসের স্থায়ী কার্যালয় উদ্বোধন

বাংলাদেশ জুয়েলার্স এসোসিয়েশন-বাজুসের স্থায়ী কার্যালয় রাজধানীর মগবাজারে উদ্বোধন করা হয়েছে। নতুন ঠিকানা ১৫, নিউ ইন্সটন রোড (৭ম তলা), রমনা, ঢাকা-১০০০।

মঙ্গলবার সন্ধ্যায় স্থায়ী কার্যালয়ের উদ্বোধন করেন বাজুসের কার্যনির্বাহী কমিটির সদস্যরা।

এসময় ভারপ্রাপ্ত সভাপতি গুলজার আহমেদ বলেন, নতুন কার্যালয় স্থাপনের মধ্য দিয়ে দেশের জুয়েলারী শিল্পকে সামনের দিকে অগ্রসর হওয়ার পথে আরেক ধাপ এগিয়ে গেলো বাজুস। এ অর্জনের জন্য বাজুস প্রেসিডেন্ট সায়েম সোবহান আনভীর সাহস জুগিয়েছেন বলে জানান তিনি। বাজুসের ৫৯ বছরের ঐতিহ্যকে সঙ্গী করে জুয়েলারী শিল্পকে বিকশিত করতে শিল্প সংশ্লিষ্ট সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান গুলজার আহমেদ।

অনুষ্ঠানে বাজুসের সাধারণ সম্পাদক বাদল চন্দ্র রায় বলেন, স্থায়ী কার্যালয় স্থাপনের জন্য বাজুসের দীর্ঘদিনের স্বপ্ন ছিল। এই স্বপ্ন বাস্তবায়নে তিনি বাজুস প্রেসিডেন্ট সায়েম সোবহান আনভীরের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। বাদল চন্দ্র রায় বলেন, এখন সময়-সামনের দিয়ে এগিয়ে যাওয়ার।

স্থায়ী কার্যালয় উদ্বোধন উপলক্ষ্যে দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে বাজুসের সহ-সভাপতি মো: রিপনুল হাসান, মাসুদুর রহমান, মো: জয়নাল আবেদীন খোকন, সমিত ঘোষ অপু, কোষাধ্যক্ষ উত্তম বনিক এবং সহ-সম্পাদক উত্তম ঘোষ ও ফরিদা হোসেন, কার্যনির্বাহী কমিটির সদস্য ডাঃ দেওয়ান আমিনুল ইসলাম শাহীন, আনোয়ার হোসেন সহ বাজুসের কার্যনির্বাহী কমিটির অন্যান্য নেতারা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠান সঞ্চালনা করেন বাজুসের উপদেষ্টা রুহুল আমিন রাসেল।

রাশেদ রহমান অমিত

মিডিয়া এন্ড কমিউনিকেশন স্পেশালিস্ট

মোবাইল:০১৭৭৪৪৩১৩৮৭